বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Interpret and follow Safety signs

1. Prohibition signs বা নিষেধাজ্ঞা সংকেত

বিপদ বা দুর্ঘটনার কারন হতে পারে এমন যেকোন কর্মকান্ডকে প্রতিরোধ করতে বা নিষেধ করতে এই ধরনের সাইন ব্যবহার করা হয়।

শেপ এবং কালারঃ গোলাকার। লাল বর্ডার এবং ক্রস বার। সাদা ব্যাকগ্রাউন্ডের উপর কালো সংকেত।

অর্থঃ এটা কোনভাবেই করা যাবে না। উদাহরণঃ ধূমপান নিষেধ, প্রবেশ নিষেধ ইত্যাদি।

2. Warning Signs বা সতর্কতা সংকেত

এই সংকেত সম্ভব্য হ্যাজার্ড, বাধা বা বিপদজনক অবস্থার প্রতি বিশেষ মনোযোগ আকর্ষণ করে।

শেপ এবং কালারঃ ত্রিভুজাকার। কালো বর্ডার। হলুদ ব্যাকগ্রাউন্ডের উপর কালো সংকেত।

অর্থঃ সাবধান, বিপদের সম্ভাবনা আছে। উদাহরণঃ হাই ভোল্টেজ বিপদজনক, পিচ্ছিল রাস্ড়া ইত্যাদি।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Interpret and follow Safety signs

3. Mandatory Signs বা বাধ্যতামূলক সংকেত

বাধ্যতামূলক সেফটি সংকেতগুলি ব্যবহার করা হয় কর্মী, দর্শনার্থী বা জনসাধারনের নিরাপত্তার জন্য অবশ্য পালনীয় কিছু কাজ সম্পর্কে অবগত করানোর জন্য। যেকোন ধরনের অবশ্য পালনীয় সেফটি সংকেত, রাস্তায় ব্যবহৃত বিভিন্ন সংকেত ইত্যাদি ম্যান্ডেটরি সাইন -এর উদাহরন।

শেপ এবং কালারঃ বৃত্তাকার। কালো বর্ডার। নীল ব্যাকগ্রাউন্ডের উপর সাদা সংকেত।

অর্থঃ সাবধান, বিপদের সম্ভাবনা আছে। উদাহরণঃ হেলমেট পড়া বাধ্যতামূলক, গভস পরিধান করুন ইত্যাদি।

4. Safe Condition in Emergenc

জরুরী প্রয়োজনে নিরাপদ অবস্থার সংকেত

Safe Condition সংকেতকে emergency escape বা first-aid সংকেত নামেও ডাকা হয়। এই সংকেতগুলি কর্মক্ষেত্রে কর্মী, দর্শনার্থী বা জনসাধারনকে ইমার্জেন্সি পিরিওডে জরুরী বহির্গমন রাস্তা, ফার্স্ট এইড অথবা রেসকিউ ফ্যাসিলিটি ইত্যাদি সম্পর্কে তথ্য প্রদান করে। Safe Condition সংকেত নিরাপত্তা ব্যবস্থা, নিরাপত্তা সুবিধা ও নিরাপদ বহির্গমন পথ দেখিয়ে দেয়।

শেপ এবং কালারঃ চতুর্ভুজ অথবা আয়তাকার। সবুজ ব্যাকগ্রাউন্ডের উপর সাদা সংকেত।

অর্থঃ নিরাপত্তা আইনের তথ্য প্রদান অথবা ইঙ্গিত। উদাহরণঃ ফার্স্ট এইড স্টেশন।